

নূতন পাঠক্রম

ত্রিস্তরীয়

২০১৫

ঐচ্ছিক বাংলা

(সাধারণ)

চতুর্থ পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৩ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×১৫

- ১। (ক) 'চন্দ্রাবতী পালা' অবলম্বনে চন্দ্রাবতী চরিত্র ব্যাখ্যা করো। ১৫
- (খ) বাংলা ছড়া চর্চায় রবীন্দ্রনাথের ভূমিকা নির্দেশ করে তাঁর 'ছেলে ভুলানো ছড়া'র সামগ্রিক পরিচয় লিপিবদ্ধ করো। ১৫
- (গ) বাংলা প্রফ দেখতে গেলে একজন প্রফ রিডারের কোন্ কোন্ বিষয় সম্পর্কে জ্ঞান থাকা অবশ্যিক আলোচনা করো। ১৫

(ঘ) বিজ্ঞাপনের খসড়া তৈরির প্রাথমিক শর্তগুলোর পরিচয় দাও। ১৫

(ঙ) বিবরণী কাকে বলে? বিবরণী রচনার নিয়মাবলী সম্পর্কে আলোচনা
করো। ৫+১০

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫×৮

২। (ক) 'মহুয়া' পালার নদের চাঁদ চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো। ৮

(খ) 'চন্দ্রাবতী' পালার রস পরিণাম সম্পর্কে আলোচনা করো। ৮

(গ) রবীন্দ্রনাথের 'ছেলে ভুলানো ছড়া' প্রবন্ধে গ্রাম বাংলার যে ছবি স্পষ্ট
হয়ে উঠেছে তার পরিচয় দাও। ৮

(ঘ) সরকার স্বনির্ভর গোষ্ঠীর কাজ সম্পর্কে একটি বিজ্ঞাপন দিতে চায়। তার
খসড়া রচনা করো। ৮

(ঙ) তোমার এলাকার একজন প্রবীণ স্বাধীনতা সংগ্রামীর সঙ্গে তোমার
সাক্ষাৎকার লিপিবদ্ধ করো। ৮

(চ) 'দেশোন্নয়নে ছাত্রসমাজের ভূমিকা' বিষয় একটি অনুচ্ছেদ রচনা করো।
(অনধিক ২৫০ শব্দ)। ৮

(ছ) বিজ্ঞাপনের বাণিজ্যিক উপযোগিতা সম্পর্কে আলোচনা করো। ৮

(জ) 'ছেলে ভুলানো ছড়া'-র নান্দনিক দিকগুলি সম্পর্কে আলোচনা করো। ৮

(বা) প্রুফ সংশোধন করো :

৮

মূল পাঠ :

সকলে আলেখ্যদর্শনে প্রবৃত্ত হইলে ; সীতা, কিয়ৎক্ষণ, ইতস্ততঃ দৃষ্টি
সঞ্চারণ করিয়া জিজ্ঞাসিলেন, নাথ! আলেখ্যর উপরিভাগে ঐ সমস্ত কি
চিত্রিত রহিয়াছে ?

প্রুফ সংশোধন :

আলেখ্যদর্শনে সকলে প্রবৃত্ত হইলেন। সীতা যৎক্ষণ কি ইততত দৃষ্টি
সঞ্চারণ করিয়া জিজ্ঞালেন, নাথআ লেখ্যের উপরিভাগে এ সমস্ত কী
চিত্রিত রহিয়াছেছে।

৩। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪

(ক) প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো :

৪

কেমনে মারিব আমি পতির গলায় ছুরি।

খারা থাক বাপ তুমি আমি আগে মরি।।

(খ) এমন কালে দৈবেতে করিল কোন কাম।' — কার কোন্ কাজের কথা বলা
হয়েছে লেখো।

৪

(গ) 'খেলা দেখাইবারে চল বৈদেশেতে যাই।' — খেলা দেখাবার জন্য কারা
কোথায় কি কি নিয়ে চলল ?

১+১+২

(ঘ) মৈমনসিংহ গীতিকাগুলির সংগ্রাহক কে ? পাশ্চাত্য ব্যালাডের সঙ্গে
ঐ গীতিকাগুলির দুটি সাদৃশ্য ও দুটি বৈশাদৃশ্য লেখো।

১+৩

- (ঙ) 'ছেলেভুলানো ছড়া' প্রবন্ধটি কবে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল এবং কি নামে? প্রবন্ধটি কোন্ প্রবন্ধ গ্রন্থের অন্তর্গত? প্রকাশকাল লেখো। ১+১+১+১
- (চ) 'আমাদের বাংলাদেশের এক কঠিন অন্তরবেদনা আছে মেয়েকে শ্বশুরবাড়ি পাঠানো' — প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য লেখো। ৪
- (ছ) বিজ্ঞাপন কত প্রকার ও কী কী? ২+২
- (জ) D.T.P. এর পুরো কথা কী? অফসেট ব্যবহারের সুবিধাগুলি সম্পর্কে সংক্ষেপে উল্লেখ করো। ১+৩
-